শিক্ষাক্রম ২০২২

# বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা

## বিষয় : খ্রীষ্টধর্ম শিক্ষা | ষষ্ঠ শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# ষষ্ঠ শ্রেণির মূল্যায়ন বিষয়ে শিক্ষকদের জন্য নির্দেশনা

## বিষয় : খ্রীষ্টধর্ম

## শিক্ষাবর্ষ : ২০২৩

# সূচিপত্র


ভূমিকা ১

ক) শিখনকালীন মূল্যায়ন ২

খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ২

গ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ ৩

ঘ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা ৩

**পরিশিষ্ট ১** ৪

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI) ৪

**পরিশিষ্ট ২** ৬

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট ৬

**পরিশিষ্ট ৩** ১৩

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক ১৩

**পরিশিষ্ট ৪** ১৪

ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট ১৬

# ভূমিকা

সুপ্রিয় শিক্ষকমণ্ডলী,

২০২৩ সাল থেকে শুরু হওয়া নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন প্রক্রিয়ার আপনাকে সহায়তা দেয়ার জন্য এই নির্দেশিকা প্রণীত হয়েছে। আপনারা ইতোমধ্যেই জানেন যে নতুন শিক্ষাক্রমে গতানুগতিক পরীক্ষা থাকছে না, বরং সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়নের কথা বলা হয়েছে। ইতোমধ্যে অনলাইন ও অফলাইন প্রশিক্ষণে নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন নিয়ে আপনারা বিস্তারিত ধারণা পেয়েছেন। এছাড়া শিক্ষক সহায়িকাতেও মূল্যায়নের প্রাথমিক নির্দেশনা দেয়া আছে। তারপরেও, সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়ন বিধায় এই মূল্যায়নের প্রক্রিয়া নিয়ে আপনাদের মনে অনেক ধরনের প্রশ্ন থাকতে পারে। এই নির্দেশিকা সেসকল প্রশ্নের উত্তর খুঁজে পেতে ও মূল্যায়ন প্রক্রিয়ায় আপনার ভূমিকা ও কাজের পরিধি সুস্পষ্ট করতে সাহায্য করবে।

**যে বিষয়গুলি মনে রাখতে হবে,**

১। নতুন শিক্ষাক্রম বিষয়বস্তুভিত্তিক নয়, বরং যোগ্যতাভিত্তিক। এখানে শিক্ষার্থীর শিখনের উদ্দেশ্য হলো কিছু সুনির্দিষ্ট যোগ্যতা অর্জন। কাজেই শিক্ষার্থী বিষয়গত জ্ঞান কতটা মনে রাখতে পারছে তা এখন আর মূল্যায়নে মূল বিবেচ্য নয়, বরং যোগ্যতার সবকয়টি উপাদান—জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের সমন্বয়ে সে কতটা পারদর্শিতা অর্জন করতে পারছে তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হবে।

২। শিখন-শেখানো প্রক্রিয়াটি অভিজ্ঞতাভিত্তিক। অর্থাৎ শিক্ষার্থী বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখনের মধ্য দিয়ে যোগ্যতা অর্জনের পথে এগিয়ে যাবে। আর এই অভিজ্ঞতা চলাকালে তার পারদর্শিতার ভিত্তিতে শিক্ষক মূল্যায়নের উপাত্ত সংগ্রহ করবেন।

৩। নম্বরভিত্তিক ফলাফলের পরিবর্তে এই মূল্যায়নের ফলাফল হিসেবে শিক্ষার্থীর অর্জিত যোগ্যতার (জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) বর্ণনামূলক চিত্র পাওয়া যাবে।

৪। মূল্যায়ন প্রক্রিয়া শিখনকালীন ও সামষ্টিক এই দুটি পর্যায়ে সম্পন্ন হবে।

## ২০২৩ সালে ষষ্ঠ শ্রেণির শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়

শিক্ষার্থীরা কোনো শিখন যোগ্যতা অর্জনের পথে কতটা অগ্রসর হচ্ছে তা পর্যবেক্ষণের সুবিধার্থে প্রতিটি একক যোগ্যতার জন্য এক বা একাধিক পারদর্শিতার সূচক (Performance Indicator, PI) নির্ধারণ করা হয়েছে। প্রতিটি পারদর্শিতার সূচকের আবার তিনটি মাত্রা নির্ধারণ করা হয়েছে। শিক্ষক মূল্যায়ন করতে গিয়ে শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে এই সূচকে তার অর্জিত মাত্রা নির্ধারণ করবেন (ষষ্ঠ শ্রেণির খ্রীষ্টধর্ম বিষয়ের যোগ্যতাসমূহের পারদর্শিতার সূচকসমূহ এবং তাদের তিনটি মাত্রা পরিশিষ্ট-১ এ দেয়া আছে। প্রতিটি পারদর্শিতার সূচকের তিনটি মাত্রাকে মূল্যায়নের তথ্য সংগ্রহের সুবিধার্থে চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) দিয়ে চিহ্নিত করা হয়েছে)। শিখনকালীন ও সামষ্টিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতার সূচকে অর্জিত মাত্রার উপর ভিত্তি করে শিক্ষার্থীর মূল্যায়ন করা হবে।

শিখনকালীন মূল্যায়নের অংশ হিসেবে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক ঐ অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নিরূপণ করবেন ও রেকর্ড করবেন। এছাড়া শিক্ষাবর্ষ শুরুর ছয় মাস পর একটি ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত কিছু কাজ (এসাইনমেন্ট, প্রকল্প ইত্যাদি) সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া চলাকালে এবং প্রক্রিয়া শেষে একইভাবে পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নির্ধারণ করা হবে। প্রথম ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্যের উপর ভিত্তি করে শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে।

## ক) শিখনকালীন মূল্যায়ন

এই মূল্যায়ন কার্যক্রমটি শিখনকালীন অর্থাৎ শিখন অভিজ্ঞতা চলাকালে পরিচালিত হবে।

- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক সংশ্লিষ্ট শিখনযোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা PI (পরিশিষ্ট-২ দেখুন) ব্যবহার করে শিখনকালীন মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। পরিশিষ্ট-২ এ প্রতিটি শিখন অভিজ্ঞতায় কোন কোন PI এর ইনপুট দিতে হবে, এবং কোন শিখন কার্যক্রম দেখে দিতে হবে তা দেয়া আছে। প্রতিটি শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে সকল শিক্ষার্থীদের তথ্য ইনপুট দেয়ার সুবিধার্থে পরিশিষ্ট-৩ এ একটি ফাঁকা ছক দেয়া আছে। এই ছকে নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার নাম ও প্রযোজ্য PI নম্বর লিখে ধারাবাহিকভাবে সকল শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য রেকর্ড করা হবে। শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে সংশ্লিষ্ট PI এর জন্য প্রদত্ত তিনটি মাত্রা থেকে প্রযোজ্য মাত্রাটি নির্ধারণ করবেন, এবং সে অনুযায়ী চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) ভরাট করবেন। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় এই ছকের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে তার সাহায্যে শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করা হবে।
- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক যে সকল শিখন কার্যক্রম দেখে পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করেছেন সেগুলোর তথ্যপ্রমাণ (শিক্ষার্থীর কাজের প্রতিবেদন, অনুশীলন বইয়ের লেখা, পোস্টার, লিফলেট, ছবি ইত্যাদি) শিক্ষাবর্ষের শেষদিন পর্যন্ত সংরক্ষণ করবেন।
- ✓ এখানে উল্লেখ্য যে, শিখন অভিজ্ঞতায় শিক্ষার্থীর অংশগ্রহণ, সম্পৃক্ততা ও সার্বিক আচরণগত দিক মূল্যায়ন করার জন্য তাদের আচরণগত সূচক (BI) এর মাত্রা নির্ধারণ করা হবে। এই সূচক ব্যবহার করে মূল্যায়নের পদ্ধতি পরবর্তীতে শিক্ষকদের জানিয়ে দেয়া হবে।

## খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন

- ✓ ২০২৩ সালের জুন মাসের শেষ সপ্তাহে খ্রীষ্টধর্ম বিষয়ের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও ডিসেম্বর মাসের তৃতীয় সপ্তাহে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। পূর্ব ঘোষিত এক সপ্তাহ ধরে এই মূল্যায়ন প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে। স্বাভাবিক ক্লাসরুটিন অনুযায়ী খ্রীষ্টধর্ম বিষয়ের জন্য নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য অর্পিত কাজ সম্পন্ন করবে।
- ✓ সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে অন্তত এক সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।

✓ শিক্ষার্থীদের প্রদেয় কাজের নির্দেশনা, ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ছক, এবং শিক্ষকের জন্য প্রয়োজনীয় অন্যান্য নির্দেশাবলী সকল প্রতিষ্ঠানে জুন মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে প্রেরণ করা হবে।

## গ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ খ্রীষ্টধর্ম বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনবারই ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

## ঘ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা

মূল্যায়ন প্রক্রিয়া চর্চা করার সময় জেন্ডার বৈষম্যমূলক ও মানব বৈচিত্রহানীকর কোন কৌশল বা নির্দেশনা ব্যবহার করা যাবেনা। যেমন—নৃতাত্ত্বিক পরিচয়, লিঙ্গবৈচিত্র্য ও জেন্ডার পরিচয়, সামর্থ্যের বৈচিত্র্য, সামাজিক অবস্থান ইত্যাদির ভিত্তিতে কাউকে আলাদা কোনো কাজ না দিয়ে সবাইকেই বিভিন্ন ভাবে তার পারদর্শিতা প্রদর্শনের সুযোগ করে দিতে হবে। এর ফলে, কোন শিক্ষার্থীর যদি লিখিত বা মৌখিক ভাব প্রকাশে চ্যালেঞ্জ থাকে তাহলে সে বিকল্প উপায়ে শিখন যোগ্যতার প্রকাশ ঘটাতে পারবে। একইভাবে, কোন শিক্ষার্থী যদি প্রচলিত ভাবে ব্যবহৃত মৌখিক বা লিখিত ভাবপ্রকাশে স্বচ্ছন্দ না হয়, তবে সেও পছন্দমত উপায়ে নিজের ভাব প্রকাশ করতে পারবে।

অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীর বিশেষ কোন শিখন চাহিদা থাকার ফলে, শিক্ষক তার সামর্থ্য নিয়ে সন্দিহান থাকেন এবং মূল্যায়নের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। কাজেই এ ধরণের শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা/আগ্রহ/সামর্থ্য অনুযায়ী দায়িত্ব প্রদানের মাধ্যমে সক্রিয় অংশগ্রহণের সুযোগ দিয়ে তাদের শিখন উন্নয়নের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে।

# পরিশিষ্ট ১

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| একক যোগ্যতা | পারদর্শিতা সূচক নং | পারদর্শিতার সূচক | পারদর্শীতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | □ | ○ | △ |
| ৬.১ ধর্মের মৌলিক বিষয়সমূহ জেনে, উপলব্ধি করে ধর্মীয় জ্ঞান আহরণে আগ্রহী হতে পারা | ৬.১.১ | শিক্ষার্থী ধর্মীয় মৌলিক বিষয়সমূহের ধারণা ও উপলব্ধি প্রকাশ করছে | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের প্রাথমিক ধারণা বর্ণনা করছে | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহ অপরকে ব্যাখ্যা করতে পারছে | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের ধারণা একাধিক উপায়ে প্রকাশ করছে |
| | ৬.১.২ | শিক্ষার্থী মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে নিজের আগ্রহ প্রসূত প্রশ্ন করছে। | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে তথ্যনির্ভর প্রশ্ন করছে | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে ব্যাখ্যা চেয়ে প্রশ্ন করছে | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে বিশ্লেষণমূলক প্রশ্ন করছে |
| ৬.২ খ্রীষ্টধর্মের বিধি-বিধান (বয়স উপযোগী) অনুধাবন ও উপলব্ধি করে তা অনুসরণ এবং নিজ জীবনে চর্চা করতে পারা | ৬.২.১ | শিক্ষার্থী বয়স উপযোগী ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো অনুধাবন করছে। | বিধি-বিধানসমূহের অর্থ আংশিক ব্যাখ্যা করতে পারছে। | বিধিবিধানগুলোর তাৎপর্য ব্যাখ্যা করতে পারছে। | বিধি-বিধানগুলোর চর্চা হয় এমন কাজে অংশগ্রহণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারছে। |
| | ৬.২.২ | শিক্ষার্থী বয়স উপযোগি ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো চর্চা করেছে। | বিধি-বিধানসমূহের অর্থ আংশিক বুঝে অনুসরণ করছে/দেখে দেখে পালন করছে/কিছু বিধি-বিধান পালন করছে | বিধিবিধানগুলোর তাৎপর্য বুঝে নিয়মিত পালন করছে | বিধি-বিধানগুলোর চর্চা হয় এমন কাজে অংশগ্রহণ করছে |
| ৬.৩ ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধ উপলব্ধি করে নৈতিক ও মানবিক গুণাবলী অর্জনের মাধ্যমে নিজ জীবনে প্রয়োগ এবং নিজ প্রেক্ষাপট ও পরিবেশে সৃষ্টির প্রতি সদয় ও দায়িত্বশীল আচরণ করতে পারা এবং সকলের সঙ্গে সহাবস্থান করতে পারা | ৬.৩.১ | শিক্ষার্থী ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধ উপলব্ধি করে মানবিক গুণাবলি অর্জন করছে। | নিজস্ব পরিসরের দৈনন্দিন ঘটনায় তার নিজ ভূমিকার সাথে ধর্মীয় জ্ঞান এবং মূল্যবোধের সম্পর্ক স্থাপন করছে | ধর্মীয় জ্ঞান এবং মূল্যবোধের সাথে স্বীয় গুণাবলীর সচেতন সমন্বয় আচরণের মধ্য দিয়ে প্রকাশ করছে | নিজস্ব গুণাবলীর সাথে ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধের সমন্বয় করে বিভিন্ন প্রেক্ষাপটে বহুমাত্রিকভাবে প্রয়োগ করছে |
| | ৬.৩.২ | শিক্ষার্থী নিজ পরিবেশের সকলের প্রতি সদয় ও | শিক্ষার্থী নিজের মতামতের পাশাপাশি অন্যদের অবস্থানও | শিক্ষার্থী নিজ পছন্দ/অপছন্দের পাশাপাশি অন্যদের পরিপ্রেক্ষিত নিরপেক্ষভাবে | শিক্ষার্থী মানুষসহ সকল সৃষ্টির কল্যাণকে প্রাধান্য দিয়ে বিভিন্ন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | দায়িত্বশীল আচরণ করছে এবং সহাবস্থান করছে। | তাদের দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করছে | বিবেচনায় নিয়ে নিজের আচরণ, সিদ্ধান্ত বা ব্যক্তিগত অবস্থান ব্যাখ্যা করছে | পরিস্থিতিতে ব্যক্তিগত অবস্থান ব্যাখ্যা করছে ও দায়িত্বশীল ভূমিকা নিচ্ছে |

# পরিশিষ্ট ২

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট

ষষ্ঠ শ্রেণির নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট পরবর্তী পৃষ্ঠা থেকে ধারাবাহিকভাবে দেয়া হল। শিক্ষক কোন অভিজ্ঞতা শেষে কোন পারদর্শিতার সূচকে ইনপুট দেবেন তা প্রতিটি শিখন অভিজ্ঞতার সাথে দেয়া আছে। একটা বিষয়ে বিশেষভাবে মনে রাখা জরুরি যে, **শিক্ষার্থী ধর্মের বিষয়ভিত্তিক জ্ঞান কতটা মুখস্থ করতে পারছে, শিক্ষক কখনই তার ভিত্তিতে শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রা নির্ধারণে করবেন না। বরং যেসব পারদর্শিতার সূচকের ক্ষেত্রে ধর্মীয় জ্ঞান প্রাসঙ্গিক, সেখানে পাঠ্যপুস্তক বা অন্য যেকোনো নির্ভরযোগ্য রিসোর্স থেকে তথ্য নিয়ে কীভাবে সেই তথ্য ব্যবহার করছে তার ওপর শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা নির্ভর করবে।**

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষার্থীর কোন কাজ দেখে শিক্ষক তার অর্জিত পারদর্শিতার মাত্রা নিরূপণ করবেন তা সংশ্লিষ্ট পারদর্শিতার মাত্রার নিচে দেয়া আছে; এবং কোন শিখন কার্যক্রম দেখে এই ইনপুট দেবেন তাও ছকের ডান পাশে উল্লেখ করা আছে। পরিশিষ্ট-৩ এ শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য সংগ্রহের একটা ফাঁকা ছক দেয়া আছে। ঐ ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে শিক্ষক প্রতিটি শিখন অভিজ্ঞতার তথ্য সংগ্রহ ও সংরক্ষণে ব্যবহার করতে পারবেন।

<table>
<tr><td colspan="5">শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক</td></tr>
<tr><td colspan="2">অভিজ্ঞতা নং : ১<br>অভিজ্ঞতার সংক্ষিপ্ত শিরোনাম : নাটিকা মঞ্চায়ন</td><td>শ্রেণি : ষষ্ঠ</td><td colspan="2">বিষয় : খ্রীষ্টধর্ম</td></tr>
<tr><td rowspan="2">পারদর্শিতার সুচক (PI)</td><td colspan="3">পারদর্শিতার সুচকের মাত্রা</td><td rowspan="2">যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন</td></tr>
<tr><td>□</td><td>○</td><td>△</td></tr>
<tr><td rowspan="3">৬.১.১ শিক্ষার্থী ধর্মীয় মৌলিক বিষয়সমূহের ধারণা ও উপলব্ধি প্রকাশ করছে</td><td>খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের প্রাথমিক ধারণা বর্ণনা করছে</td><td>খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহ অপরকে ব্যাখ্যা করতে পারছে</td><td>খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের ধারণা একাধিক উপায়ে প্রকাশ করছে</td><td rowspan="3">• স্ব স্ব সেশনগুলোর বিভিন্ন কার্যক্রম<br>• সেশন ৩-৪-এর মূল্যায়ন<br>• সেশন ৭-এর মূল্যায়ন<br>• সেশন ১৫-১৭-এর মূল্যায়ন<br>• সেশন ২১-এর মূল্যায়ন<br>• সেশন ২৫-এর মূল্যায়ন</td></tr>
<tr><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td>পবিত্র ত্রিত্বের প্রাথমিক ধারণা বর্ণনা করছে</td><td>পবিত্র ত্রিত্বের আভ্যন্তরীণ ধারণা অপরকে ব্যাখ্যা করতে পারছে</td><td>ভিন্ন ভিন্ন উপায়ে ত্রিব্যক্তি ঈশ্বরের ধারণা এবং পিতা ঈশ্বর, পুত্র ঈশ্বর, এবং পবিত্র আত্মা সম্বন্ধে সুস্পষ্ট ধারণা প্রকাশ করতে পারে</td></tr>
<tr><td rowspan="3">৬.১.২ শিক্ষার্থী মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে নিজের আগ্রহ প্রসূত প্রশ্ন করছে।</td><td>খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে তথ্যনির্ভর প্রশ্ন করছে</td><td>খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে ব্যাখ্যা চেয়ে প্রশ্ন করছে</td><td>খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে বিশ্লেষণমূলক প্রশ্ন করছে</td><td rowspan="3">• স্ব স্ব সেশনগুলোর বিভিন্ন কার্যক্রম<br>• সেশন ৩-৪-এর মূল্যায়ন<br>• সেশন ৭-এর মূল্যায়ন<br>• সেশন ১৫-১৭-এর মূল্যায়ন<br>• সেশন ২১-এর মূল্যায়ন<br>• সেশন ২৫-এর মূল্যায়ন</td></tr>
<tr><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td>পবিত্র ত্রিত্বের ধারণার বিষয়ে জানতে চেয়ে প্রাথমিক বা অগভীর প্রশ্ন করছে</td><td>ত্রিব্যক্তি ঈশ্বরের ধারণার আরো স্বচ্ছতা লাভের জন্য অনুসন্ধিৎসু প্রশ্ন করছে</td><td>ত্রিব্যক্তি ঈশ্বরের ধারণার উপর করা প্রশ্নগুলো বিশ্লেষণধর্মী, যেমন : ঈশ্বরের এক সত্তা হলেও ব্যক্তিত্ব এবং কাজ পৃথক তিনটি রূপে কীভাবে বিরাজমান, ইত্যাদি</td></tr>
</table>

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক

| **অভিজ্ঞতা নং : ২**<br>**অভিজ্ঞতার সংক্ষিপ্ত শিরোনাম :** Field trip | **শ্রেণি : ষষ্ঠ** | **বিষয় : খ্রীষ্টধর্ম** |
|---|---|---|

| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
|---|---|---|---|---|
| | □ | ○ | △ | |
| ৬.২.১ শিক্ষার্থী বয়স উপযোগী ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো অনুধাবন করছে। | বিধি-বিধানসমূহের অর্থ আংশিক ব্যাখ্যা করতে পারছে। | বিধিবিধানগুলোর তাৎপর্য ব্যাখ্যা করতে পারছে। | বিধি-বিধানগুলোর চর্চা হয় এমন কাজে অংশগ্রহণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারছে। | • স্ব স্ব সেশনগুলোর বিভিন্ন কার্যক্রম<br>• সেশন ১-৩-এর মূল্যায়ন<br>• সেশন ১০-১১-এর মূল্যায়ন<br>• সেশন ১৫-১৬-এর মূল্যায়ন |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | পরোপকার, দানশীলতা, নিঃস্বার্থ দান ও ভালোবাসা, প্রার্থনা, উপবাস, প্রভৃতি বিধিবিধানের খ্রীষ্টধর্মের আলোকে অর্থ আংশিক ব্যাখ্যা করতে পারে | পরোপকার, দানশীলতা, নিঃস্বার্থ দান ও ভালোবাসা, প্রার্থনা, উপবাস, প্রভৃতি বিধিবিধানের খ্রীষ্টধর্মের আলোকে তাৎপর্য ব্যাখ্যা করতে পারে | পরোপকার, দানশীলতা, নিঃস্বার্থ দান ও ভালোবাসা, প্রার্থনা, উপবাস, প্রভৃতি বিধিবিধানের চর্চা হয় এমন কাজে অংশগ্রহণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারে, যেমন : পুণ্য রবিবারে গিয়ে শেষ হওয়া উপবাস পর্বের তাৎপর্য কী | |
| ৬.২.২ শিক্ষার্থী বয়স উপযোগি ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো চর্চা করেছে। | বিধি-বিধানসমূহের অর্থ আংশিক বুঝে অনুসরণ করছে/দেখে দেখে পালন করছে/কিছু বিধি-বিধান পালন করছে | বিধিবিধানগুলোর তাৎপর্য বুঝে নিয়মিত পালন করছে | বিধি-বিধানগুলোর চর্চা হয় এমন কাজে অংশগ্রহণ করছে | • স্ব স্ব সেশনগুলোর বিভিন্ন কার্যক্রম<br>• সেশন ১-৩-এর মূল্যায়ন<br>• সেশন ১০-১১-এর মূল্যায়ন<br>• সেশন ১৫-১৬-এর মূল্যায়ন |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | পরোপকার, দানশীলতা, নিঃস্বার্থ দান ও ভালোবাসা, প্রার্থনা, উপবাস, প্রভৃতি আংশিক বুঝে অনুসরণ করছে/দেখে দেখে পালন করছে/কিছু বিধি-বিধান পালন করছে | পরোপকার, দানশীলতা, নিঃস্বার্থ দান ও ভালোবাসা, প্রার্থনা, উপবাস, প্রভৃতি তাৎপর্য বুঝে নিয়মিত পালন করছে | পরোপকার, দানশীলতা, নিঃস্বার্থ দান ও ভালোবাসা, প্রার্থনা, উপবাস, প্রভৃতি নিয়মিত পালনের পাশাপাশি এই বিধি-বিধানগুলো চর্চিত হয় এমন বিভিন্ন কাজে বহুমুখীভাবে আত্মনিয়োগ করছে | |

<table>
<tr><td colspan="5">শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক</td></tr>
<tr><td colspan="2">অভিজ্ঞতা নং : ৩<br>অভিজ্ঞতার সংক্ষিপ্ত শিরোনাম : ভালো কাজ করা</td><td>শ্রেণি : ষষ্ঠ</td><td colspan="2">বিষয় : খ্রীষ্টধর্ম</td></tr>
<tr><td rowspan="2">পারদর্শিতার সুচক (PI)</td><td colspan="3">পারদর্শিতার সুচকের মাত্রা</td><td rowspan="2">যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন</td></tr>
<tr><td>□</td><td>○</td><td>△</td></tr>
<tr><td rowspan="3">৬.২.১ শিক্ষার্থী বয়স উপযোগী ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো অনুধাবন করছে।</td><td>বিধি-বিধানসমূহের অর্থ আংশিক ব্যাখ্যা করতে পারছে।</td><td>বিধিবিধানগুলোর তাৎপর্য ব্যাখ্যা করতে পারছে।</td><td>বিধি-বিধানগুলোর চর্চা হয় এমন কাজে অংশগ্রহণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারছে।</td><td rowspan="3">• স্ব স্ব সেশনগুলোর বিভিন্ন কার্যক্রম<br>• সেশন ২৪-২৫-এর মূল্যায়ন</td></tr>
<tr><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td>ঈশ্বরের সন্তানদের প্রতি প্রকৃত ভালোবাসার অর্থ আংশিক ব্যাখ্যা করতে পারছে।</td><td>ঈশ্বরের সন্তানদের প্রতি প্রকৃত ভালোবাসার তাৎপর্য ব্যাখ্যা করতে পারছে।</td><td>ঈশ্বরের সন্তানদের প্রতি প্রকৃত ভালোবাসার নিমিত্তে বিভিন্ন কাজে কেনো অংশগ্রহণ করতে হবে তা ব্যাখ্যা করতে পারছে।</td></tr>
<tr><td rowspan="3">৬.২.২ শিক্ষার্থী বয়স উপযোগি ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো চর্চা করেছে।</td><td>বিধি-বিধানসমূহের অর্থ আংশিক বুঝে অনুসরণ করছে/দেখে দেখে পালন করছে/কিছু বিধি-বিধান পালন করছে</td><td>বিধিবিধানগুলোর তাৎপর্য বুঝে নিয়মিত পালন করছে</td><td>বিধি-বিধানগুলোর চর্চা হয় এমন কাজে অংশগ্রহণ করছে</td><td rowspan="3">• স্ব স্ব সেশনগুলোর বিভিন্ন কার্যক্রম<br>• সেশন ২৪-২৫-এর মূল্যায়ন</td></tr>
<tr><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td>ঈশ্বরের সন্তানদের প্রতি প্রকৃত ভালোবাসার অর্থ আংশিক বুঝে অনুসরণ করছে/দেখে দেখে পালন করছে/কিছু বিধি-বিধান পালন করছে</td><td>ঈশ্বরের সন্তানদের প্রতি প্রকৃত ভালোবাসার তাৎপর্য বুঝে নিয়মিত পালন করছে</td><td>ঈশ্বরের সন্তানদের প্রতি প্রকৃত ভালোবাসাচ চর্চিত হয় এমন বিভিন্ন কাজে বহুমুখীভাবে আত্মনিয়োগ করছে</td></tr>
</table>

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | | | |
|---|---|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ৪**<br>**অভিজ্ঞতার সংক্ষিপ্ত শিরোনাম : প্রতিবেশীর সাক্ষাৎকার** | | **শ্রেণি : ষষ্ঠ** | **বিষয় : খ্রীষ্টধর্ম** | |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ৬.৩.১ শিক্ষার্থী ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধ উপলব্ধি করে মানবিক গুণাবলি অর্জন করছে। | নিজস্ব পরিসরের দৈনন্দিন ঘটনায় তার নিজ ভূমিকার সাথে ধর্মীয় জ্ঞান এবং মূল্যবোধের সম্পর্ক স্থাপন করছে | ধর্মীয় জ্ঞান এবং মূল্যবোধের সাথে স্বীয় গুণাবলীর সচেতন সমন্বয় আচরণের মধ্য দিয়ে প্রকাশ করছে | নিজস্ব গুণাবলীর সাথে ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধের সমন্বয় করে বিভিন্ন প্রেক্ষাপটে বহুমাত্রিকভাবে প্রয়োগ করছে | • স্ব স্ব সেশনগুলোর বিভিন্ন কার্যক্রম<br>• সেশন ২-এর মূল্যায়ন<br>• সেশন ১৪-১৫-এর মূল্যায়ন<br>• সেশন ২১-এর মূল্যায়ন<br>• সেশন ৩৪-৩৬-এর মূল্যায়ন |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | নিজ ভূমিকার সাথে যীশু এবং যীশুর গুণ যেমন : ভালো মানুষ হওয়া, অপর মানুষের প্রতি সহানুভূতিশীল হওয়া, স্বীয় জীবনে সততা ও ন্যায্যতা ধারণ করা, বিশ্বস্ত মানুষ হওয়া, প্রভৃতির কিছু গুণের সাথে সম্পর্ক স্থাপন করছে | যীশু এবং যীশুর গুণ যেমন : ভালো মানুষ হওয়া, অপর মানুষের প্রতি সহানুভূতিশীল হওয়া, স্বীয় জীবনে সততা ও ন্যায্যতা ধারণ করা, বিশ্বস্ত মানুষ হওয়া, প্রভৃতির অধিকাংশ গুণের সাথে স্বীয় গুণাবলীর সচেতন সমন্বয় আচরণের মধ্য দিয়ে প্রকাশ করছে | নিজস্ব গুণাবলীর সাথে যীশু এবং যীশুর গুণ যেমন : ভালো মানুষ হওয়া, অপর মানুষের প্রতি সহানুভূতিশীল হওয়া, স্বীয় জীবনে সততা ও ন্যায্যতা ধারণ করা, বিশ্বস্ত মানুষ হওয়া, প্রভৃতির সমন্বয় করে বিভিন্ন প্রেক্ষাপটে বহুমাত্রিকভাবে প্রয়োগ করছে | |

<table>
<tr><td colspan="5">শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক</td></tr>
<tr><td colspan="2">অভিজ্ঞতা নং : ৫<br>অভিজ্ঞতার সংক্ষিপ্ত শিরোনাম : পোষা প্রাণী</td><td>শ্রেণি : ষষ্ঠ</td><td colspan="2">বিষয় : খ্রীষ্টধর্ম</td></tr>
<tr><td rowspan="2">পারদর্শিতার সুচক (PI)</td><td colspan="3">পারদর্শিতার সুচকের মাত্রা</td><td rowspan="2">যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন</td></tr>
<tr><td>□</td><td>○</td><td>△</td></tr>
<tr><td rowspan="3">৬.৩.১ শিক্ষার্থী ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধ উপলব্ধি করে মানবিক গুণাবলি অর্জন করছে।</td><td>নিজস্ব পরিসরের দৈনন্দিন ঘটনায় তার নিজ ভূমিকার সাথে ধর্মীয় জ্ঞান এবং মূল্যবোধের সম্পর্ক স্থাপন করছে</td><td>ধর্মীয় জ্ঞান এবং মূল্যবোধের সাথে স্বীয় গুণাবলীর সচেতন সমন্বয় আচরণের মধ্য দিয়ে প্রকাশ করছে</td><td>নিজস্ব গুণাবলীর সাথে ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধের সমন্বয় করে বিভিন্ন প্রেক্ষাপটে বহুমাত্রিকভাবে প্রয়োগ করছে</td><td rowspan="3">• স্ব স্ব সেশনগুলোর বিভিন্ন কার্যক্রম<br>• সেশন ২-এর মূল্যায়ন<br>• সেশন ১৪-১৫-এর মূল্যায়ন<br>• সেশন ২১-এর মূল্যায়ন<br>• সেশন ৩৪-৩৬-এর মূল্যায়ন</td></tr>
<tr><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td>ধর্মীয় জ্ঞানের প্রেক্ষিতে ঈশ্বরের সৃষ্টি যেমন নিজের বন্ধু, অন্য যেকোনো ব্যক্তি, প্রাণী, জীব বা জড়ের প্রতি প্রাথমিকভাবে ভালোবাসা প্রদর্শণ করে</td><td>ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধের সাথে নিজের গুণাবলীর সচেতন সমন্বয়ের মাধ্যমে ঈশ্বরের সৃষ্টি যেমন নিজের বন্ধু, অন্য যেকোনো ব্যক্তি, প্রাণী, জীব বা জড়ের প্রতি একাধিক উপায়ে ভালোবাসা এবং তদ্রুপ আচরণ প্রদর্শণ করে</td><td>ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধের সাথে নিজের গুণাবলীর সচেতন সমন্বয়ের মাধ্যমে ঈশ্বরের সৃষ্টি যেমন নিজের বন্ধু, অন্য যেকোনো ব্যক্তি, প্রাণী, জীব বা জড়ের প্রতি বহুমাত্রিকভাবে উপায়ে ভালোবাসা এবং তদ্রুপ আচরণ প্রদর্শণ করে</td></tr>
<tr><td rowspan="3">৬.৩.২ শিক্ষার্থী নিজ পরিবেশের সকলের প্রতি সদয় ও দায়িত্বশীল আচরণ করছে এবং সহাবস্থান করছে।</td><td>শিক্ষার্থী নিজ পরিবেশের সকলের প্রতি সদয় ও দায়িত্বশীল আচরণ করছে এবং সহাবস্থান করছে।</td><td>শিক্ষার্থী নিজের মতামতের পাশাপাশি অন্যদের অবস্থানও তাদের দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করছে</td><td>শিক্ষার্থী নিজ পছন্দ/অপছন্দের পাশাপাশি অন্যদের পরিপ্রেক্ষিত নিরপেক্ষভাবে বিবেচনায় নিয়ে নিজের আচরণ, সিদ্ধান্ত বা ব্যক্তিগত অবস্থান ব্যাখ্যা করছে</td><td rowspan="3">• স্ব স্ব সেশনগুলোর বিভিন্ন কার্যক্রম<br>• সেশন ২-এর মূল্যায়ন<br>• সেশন ১৪-১৫-এর মূল্যায়ন<br>• সেশন ২১-এর মূল্যায়ন<br>• সেশন ৩৪-৩৬-এর মূল্যায়ন</td></tr>
<tr><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td>শিক্ষার্থী বাসায়, স্কুলে, শ্রেণিকক্ষে, বাইরে, প্রভৃতি পরিবেশের কয়েকটি পরিবেশে ঈশ্বরের সৃষ্টির প্রতি মোটামুটি সদয় আচরণ করে।</td><td>ঈশ্বরের বিভিন্ন সৃষ্টির বিভিন্ন অবস্থান এবং কার্যক্রম সম্বন্ধে ব্যাখ্যা দিতে পারে এবং সে সম্বন্ধে নিজের মতামত জানাতে পারে</td><td>শিক্ষার্থী অপর কোনো সৃষ্টির কোনো প্রয়োজন অনুধাবন করে নিজে কীভাবে সে প্রয়োজন মেটাতে ভূমিকা রাখতে পারে তা ব্যাখ্যা করতে পারে</td></tr>
</table>

<table>
<tr><td colspan="5">শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক</td></tr>
<tr><td colspan="2">অভিজ্ঞতা নং : ৬<br>অভিজ্ঞতার সংক্ষিপ্ত শিরোনাম : সবাই মিলে থাকি</td><td>শ্রেণি : ষষ্ঠ</td><td colspan="2">বিষয় : খ্রীষ্টধর্ম</td></tr>
<tr><td rowspan="2">পারদর্শিতার সুচক (PI)</td><td colspan="3">পারদর্শিতার সুচকের মাত্রা</td><td rowspan="2">যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন</td></tr>
<tr><td>□</td><td>○</td><td>△</td></tr>
<tr><td rowspan="3">৬.৩.২ শিক্ষার্থী নিজ পরিবেশের সকলের প্রতি সদয় ও দায়িত্বশীল আচরণ করছে এবং সহাবস্থান করছে।</td><td>শিক্ষার্থী নিজ পরিবেশের সকলের প্রতি সদয় ও দায়িত্বশীল আচরণ করছে এবং সহাবস্থান করছে।</td><td>শিক্ষার্থী নিজের মতামতের পাশাপাশি অন্যদের অবস্থানও তাদের দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করছে</td><td>শিক্ষার্থী নিজ পছন্দ/অপছন্দের পাশাপাশি অন্যদের পরিপ্রেক্ষিত নিরপেক্ষভাবে বিবেচনায় নিয়ে নিজের আচরণ, সিদ্ধান্ত বা ব্যক্তিগত অবস্থান ব্যাখ্যা করছে</td><td rowspan="3">• স্ব স্ব সেশনগুলোর বিভিন্ন কার্যক্রম<br>• সেশন ২-এর মূল্যায়ন<br>• সেশন ১৪-১৫-এর মূল্যায়ন<br>• সেশন ২১-এর মূল্যায়ন<br>• সেশন ৩৪-৩৬-এর মূল্যায়ন</td></tr>
<tr><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td>শিক্ষার্থী বাসায়, স্কুলে, শ্রেণিকক্ষে, বাইরে, প্রভৃতি পরিবেশের কয়েকটি পরিবেশে ধর্ম-বর্ণ নির্বিশেষে প্রায় সকলের প্রতি সদয় আচরণ করে।</td><td>শিক্ষার্থী ভিন্ন ভিন্ন পরিবেশে ভিন্ন ভিন্ন মানুষের দৃষ্টিকোণ ও মতামত এবং নিজের দৃষ্টিকোণ ও মতামত মধ্যমভাবে ব্যাখ্যা করতে পারে</td><td>শিক্ষার্থী ভিন্ন ভিন্ন মানুষের ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণ ও মতামতকে নিরপেক্ষভাবে বিবেচনায় নিয়ে তার প্রেক্ষিতে নিজের কোনো ভূমিকা বা বিশ্লেষণধর্মী ভাবনা ব্যাখ্যা করতে পারে।</td></tr>
</table>

# পরিশিষ্ট ৩

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক পরবর্তী পৃষ্ঠায় দেয়া হলো। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় শিক্ষকগণ প্রতি শিখন অভিজ্ঞতা শেষে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে নেবেন।

**উদাহরণ:**

'নাটিকা মঞ্চায়ন' শিখন অভিজ্ঞতায় শিক্ষার্থীর পারদর্শিতা মূল্যায়নের সুবিধার্থে চারটি পারদর্শিতার সূচক নির্বাচন করা হয়েছে, সেগুলো হলো ৬.১.১ ও ৬.১.২ (পরিশিষ্ট-২ দেখুন)। শিক্ষক উক্ত শিখন অভিজ্ঞতার টপশিটের সাথে পরের পৃষ্ঠায় দেয়া ছকটি পূরণ করে ব্যবহার করবেন। নিচে নমুনা হিসেবে কয়েকজন শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা কীভাবে রেকর্ড করবেন তা দেখানো হয়েছে।

| প্রতিষ্ঠানের নাম | | | | | তারিখ: |
|---|---|---|---|---|---|
| অভিজ্ঞতা নং : | শ্রেণি : | ষষ্ঠ | বিষয় : | খ্রীষ্টধর্ম | শিক্ষকের নাম ও স্বাক্ষর |
| শিখন অভিজ্ঞতার সংক্ষিপ্ত শিরোনাম : | নাটিকা মঞ্চায়ন | | | | শান্তা কর্মকার |

| | | প্রযোজ্য PI নং | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | ৬.১.১ | ৬.১.২ | | | | |
| ০১ | বেবি রোজারিও | □●△ | □○▲ | □○△ | □○△ | □○△ | □○△ |
| ০২ | শাওন ত্রিপুরা | □●△ | □●△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| ০৩ | ফ্রান্সিস বিশ্বাস | □○▲ | □○▲ | □○△ | □○△ | □○△ | □○△ |
| ০৪ | ভানু গোমেজ | ■○△ | □●△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| ০৫ | দানিয়েল ডি কস্তা | □○▲ | □●△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| ০৬ | শুভ্রা কোরাইয়া | □○▲ | □●△ | □○△ | □○△ | □○△ | □○△ |

| প্রতিষ্ঠানের নাম : | | | | | তারিখ: |
|---|---|---|---|---|---|
| অভিজ্ঞতা নং : | শ্রেণি : | ষষ্ঠ | বিষয় : | খ্রীষ্টধর্ম | শিক্ষকের নাম ও স্বাক্ষর : |
| শিখন অভিজ্ঞতার সংক্ষিপ্ত শিরোনাম : | | | | | |

| | | প্রযোজ্য PI নং | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

| | | প্রযোজ্য PI নং | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

# পরিশিষ্ট ৪

## ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট

| | | | | |
|---|---|---|---|---|
| **প্রতিষ্ঠানের নাম** | | | | |
| **শিক্ষার্থীর নাম** | | | | |
| **শিক্ষার্থীর আইডি:** ................................ | **শ্রেণি : ষষ্ঠ** | **বিষয় : খ্রীষ্টধর্ম** | **শিক্ষকের নাম :** | |

| পারদর্শিতার সুচকের মাত্রা | | | |
|---|---|---|---|
| পারদর্শিতার সুচক | পারদর্শিতার সুচক | | |
| ৬.১.১ শিক্ষার্থী ধর্মীয় মৌলিক বিষয়সমূহের ধারণা ও উপলব্ধি প্রকাশ করছে | □ | ○ | △ |
| | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের প্রাথমিক ধারণা বর্ণনা করছে | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহ অপরকে ব্যাখ্যা করতে পারছে | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের ধারণা একাধিক উপায়ে প্রকাশ করছে |
| ৬.১.২ শিক্ষার্থী মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে নিজের আগ্রহ প্রসূত প্রশ্ন করছে। | □ | ○ | △ |
| | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে তথ্যনির্ভর প্রশ্ন করছে | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে ব্যাখ্যা চেয়ে প্রশ্ন করছে | খ্রীষ্টধর্মের মৌলিক বিষয়সমূহের উপর ভিত্তি করে বিশ্লেষণমূলক প্রশ্ন করছে |
| ৬.২.১ শিক্ষার্থী বয়স উপযোগী ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো অনুধাবন করছে। | □ | ○ | △ |
| | বিধি-বিধানসমূহের অর্থ আংশিক ব্যাখ্যা করতে পারছে। | বিধিবিধানগুলোর তাৎপর্য ব্যাখ্যা করতে পারছে। | বিধি-বিধানগুলোর চর্চা হয় এমন কাজে অংশগ্রহণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারছে। |
| ৬.২.২ শিক্ষার্থী বয়স উপযোগি ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো চর্চা করেছে। | □ | ○ | △ |
| | বিধি-বিধানসমূহের অর্থ আংশিক বুঝে অনুসরণ করছে/দেখে দেখে পালন করছে/কিছু বিধি-বিধান পালন করছে | বিধিবিধানগুলোর তাৎপর্য বুঝে নিয়মিত পালন করছে | বিধি-বিধানগুলোর চর্চা হয় এমন কাজে অংশগ্রহণ করছে |
| ৬.৩.১ শিক্ষার্থী ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধ উপলব্ধি করে মানবিক গুণাবলি অর্জন করছে। | □ | ○ | △ |
| | নিজস্ব পরিসরের দৈনন্দিন ঘটনায় তার নিজ ভূমিকার সাথে ধর্মীয় জ্ঞান এবং মূল্যবোধের সম্পর্ক স্থাপন করছে | ধর্মীয় জ্ঞান এবং মূল্যবোধের সাথে স্বীয় গুণাবলীর সচেতন সমন্বয় আচরণের মধ্য দিয়ে প্রকাশ করছে | নিজস্ব গুণাবলীর সাথে ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধের সমন্বয় করে বিভিন্ন প্রেক্ষাপটে বহুমাত্রিকভাবে প্রয়োগ করছে |
| ৬.৩.২ শিক্ষার্থী নিজ পরিবেশের সকলের প্রতি সদয় ও দায়িত্বশীল আচরণ করছে এবং সহাবস্থান করছে। | □ | ○ | △ |
| | শিক্ষার্থী নিজের মতামতের পাশাপাশি অন্যদের অবস্থানও তাদের দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করছে | শিক্ষার্থী নিজ পছন্দ/অপছন্দের পাশাপাশি অন্যদের পরিপ্রেক্ষিত নিরপেক্ষভাবে বিবেচনায় নিয়ে নিজের আচরণ, সিদ্ধান্ত বা ব্যক্তিগত অবস্থান ব্যাখ্যা করছে | শিক্ষার্থী মানুষসহ সকল সৃষ্টির কল্যাণকে প্রাধান্য দিয়ে বিভিন্ন পরিস্থিতিতে ব্যক্তিগত অবস্থান ব্যাখ্যা করছে ও দায়িত্বশীল ভূমিকা নিচ্ছে |

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ